# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 MAY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ের ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন । শেষ পাওয়া খবর পর্যন্ত ভোটদানের হার প্রায় ৫৬ দশমিক ৪-১ শতাংশ । বরাক উপত্যকার তিন জেলায় দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন ।

২) পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের প্রচার অভিযান জোরদার । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার আজ ধুবরী থেকে দ্বিতীয় পর্যায়ের প্রচার অভিযান আরম্ভ ।

৩) কেন্দ্রীয় সরকারের কৃষক সংস্থাগুলির সঙ্গে আগামী চৌঠা মে অনুষ্ঠেয় প্রস্তাবিত বৈঠকটি স্থগিত রাখার কথা ঘোষণা ।

এবং

৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের আইজলের সাইরাং পর্যন্ত প্রথম ট্রায়াল রান সফলভাবে সম্পন্ন করে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন ।

---

পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ে আজ রাজ্যের ১৪ টি জেলায় ভোটগ্রহণ করা হয়েছে । ভোটগ্রহণ সকাল সাড়ে সাতটায় শুরু হয়ে বিকেল সাড়ে চারটে পর্যন্ত শেষ হয়েছে ।দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া সামগ্রিকভাবে ভোটগ্রহণ প্রক্রিয়া শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হয় ।শেষ পাওয়া খবর পর্যন্ত ৫৬ দশমিক ৪-১ শতাংশ ভোট পড়েছে ।
তিনশুকিয়া জেলায় ৪৮ দশমিক ১-৪ শতাংশ , ডিব্রুগড়ে ৪৫ শতাংশ ,চরাইদেওয়ে ৫০ দশমিক ৯-৪ শতাংশ , শিবসাগরে ৫৭ দশমিক ৭-২ শতাংশ , মাজুলীতে ৬১ দশমিক ৬-৭ শতাংশ , যোরহাটে ৫৭ শতাংশ , লখিমপুরে ৬৬ দশমিক ৫ শতাংশ ,

শোণিতপুরে ৫২ দশমিক ৫ শতাংশ , এবং বিশ্বনাথে ৫৬ দশমিক ৮-৯ শতাংশ ভোট পড়েছে ।ডিব্রুগড় জেলার চাবুয়া লাহোয়াল বিধানসভা এলাকার জেরাই দীঘলিবারী গাঁওপঞ্চায়েতে চারশো'র বেশী লোক ভোট দান থেকে বঞ্চিত হওয়ায় উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি হয় ।রাজ্য নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী এই ১৪ টি জেলার পঞ্চায়েত নির্বাচনে ৮৯ লক্ষ ৬০ হাজার ৫৭৭ জন ভোটদাতা রয়েছেন ।এই জেলাগুলোতে ২১৬ টি জেলা পরিষদ , ১ হাজার ১৩৯ টি আঞ্চলিক পঞ্চায়েত এবং ১১ হাজার ৩৯০ টি গাওপঞ্চায়েত সদস্য পদ রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে  সম্পন্ন হয়েছে ।কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে ভোটকর্মীরা ইতিমধ্যে ব্যালট বক্সগুলি নির্ধারিত ষ্ট্রংরুমে জমা দেওয়ার প্রক্রিয়া শুরু করেছেন ।
কাছাড় জেলায় শেষ খবর পাওয়া পর্যন্ত ৫৮ দশমিক ৫-৫   শতাংশ ভোট পড়েছে ।জেলার সাতটি বিধানসভা এলাকার ১০ লক্ষ ৬০ হাজার ১৫৫ জন ভোটদাতা এক হাজার ৭০৬ টি ভোটকেন্দ্রে নিজেদের পছন্দের প্রার্থীকে ভোটদান করেন ।পঞ্চায়েত নির্বাচনে অবতীর্ণ জেলার মোট ৪ হাজার ৪৯৬ জন প্রার্থীর মধ্যে জেলা পরিষদের ৬৪ , আঞ্চলিক পঞ্চায়েতের ৩৮১ এবং গ্রামপঞ্চায়েত সদস্য পদের ৪ হাজার ৫১ জন প্রার্থীর ভাগ্য আজ ব্যালট বক্সে বন্দি হয়েছে ।রাজ্যের মন্ত্রী কৌশিক রাই আজ সকালে বরখলা বিধানসভা এলাকার বরসাঙ্গন কালিকা প্রসাদ রাই এম ই স্কুলে ভোটদান করেন ।এদিকে আজ কাটিগড়া ফুলবারী -তারিনিপুর গাঁওপঞ্চায়েতের ২ নম্বর ভোটগ্রহণ কেন্দ্রে এক অপ্রীতিকর ঘটনা সংঘঠিত হয় ।একাংশ লোক ভোটকেন্দ্রে প্রবেশ করে ভোটারদের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়ে । এই ঘটনায় বহু লোক আহত হয়েছেন বলে আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।ঘটনার পর ওই ভোটকেন্দ্রে প্রায় এক ঘন্টা ভোটগ্রহণ বন্ধ থাকে ।নিরাপত্তা বাহিনী এবং নির্বাচনী আধিকারীকরা ঐ কেন্দ্রে উপস্থিতি হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয় ।এদিকে কাটিগড়ার রাজাটিলা - উমরপুর জেলাপরিষদের নাজাতপুর - রাজাটিলার ৮৫৮ নম্বর পশ্চিম নাজাতপুর এল পি স্কুলে ভোটগ্রহণের সময় কিছু বিক্ষিপ্ত ঘটনার সৃষ্টি হয় এবং এই ঘটনায় কয়েকজন আহত হন ।শিলচর বিধানসভা এলাকার ১০৮ নম্বর কুমারপাড়া এল পি স্কুলের ভোটকেন্দ্রে গ্রুপ সদস্য পদের নির্বাচনকে কেন্দ্র করে দুপক্ষের মধ্যে সংঘর্ষের খবর পাওয়া গেছে ।
আসাম মিজোরাম সীমান্তের শ্যামাচরণপুর -শেওরাতল গাওপঞ্চায়েতের নির্বাচনী এলাকা পুনরনির্ধারণের ফলে কিছুকিছু পরিবারের সদস্যদের পৃথক পৃথক ভাবে বিভিন্ন ভোটকেন্দ্রে নাম তালিকাভুক্ত করার ফলে বিভ্রান্তির সৃষ্টি হয় ।এছাড়া ভোটকেন্দ্র

কর্তনের প্রতিবাদে আজ কাটিগড়ার সিদ্ধেশ্বর গাওপঞ্চায়েতের গঙ্গাপুর ৮ নম্বর ওয়ার্ডের ভোটদাতারা ভোট বর্জন করে প্রতিবাদ সাব্যস্ত করে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় দুই-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া আজ পঞ্চায়েত নির্বাচনের ভোট গ্রহন প্রক্রিয়া শান্তিপূর্নভাবে সম্পন্ন হয়েছে । জেলার ১৬টি জেলা পরিষদ , ৯৬টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য ও ৯৬০টি পঞ্চায়েত সদস্য পদের জন্য প্রতিদ্বন্দী প্রার্থীদের রাজনৈতিক ভাগ্য বাক্সবন্দী হয়েছে । পঞ্চায়েত নির্বাচনে অবর্তীন প্রার্থীরা নিজ নিজ ভোট কেন্দ্রে ভোটাধিকার প্রয়োগ করেছেন । জেলার এক হাজার একশ ৩২টি কেন্দ্রে আজ ভোট গ্রহন করা হয়েছে । আমাদের সংবাদদাতার পাঠানো সর্বশেষ তথ্য অনুযায়ী শ্রীভূমি জেলায় ৬০ দশমিক ১-৫ শতাংশ ভোট পড়েছে ।

নিজের গনতান্ত্রিক অধিকার প্রয়োগের পর আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে এক ভোটদাতা জানান যে ------

বাইট

---------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলায়ও ছোটখাটো বিক্ষিপ্ত ঘটনা ছাড়া শান্তিপুর্ণভাবে পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন হয়েছে ।

আমাদের সংবাদদাতার পাঠানো শেষ তথ্য অনুযায়ী ৬২ শতাংশ ভোট পড়েছে । তবে চূড়ান্ত ভোট দানের হার আরো বৃদ্ধি পাবে বলে জানানো হয়েছে ।

জেলার ৮টি জেলা পরিষদ আসনে ৬৬ জন , ৬২টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদে ২৬১ জন এবং ৬২০টি পঞ্চায়েত সদস্য পদে এক হাজার ৮শ ৯২ জন প্রার্থী প্রতিদ্বন্দীতায় রয়েছেন । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানান যে হাইলাকান্দি জেলায় সার্বিকভাবে ভোট শান্তিপূর্নভাবে সম্পন্ন হয়েছে ।

---------------------------------------------------------------------------------

এদিকে আগামী ৭ মে অনুষ্ঠেয় দ্বিতীয় পর্যায়ের পঞ্চায়েত নির্বাচনের জন্য শাসক-বিরোধী সহ নির্দল প্রার্থীরা ব্যাপক প্রচার অভিযান চালাচ্ছেন । বিজেপি , অসম গণ পরিষদ ,কংগ্রেস ,রাইজর দল , এ আই ইউ ডি এফ দলের প্রার্থীদের ঘরে ঘরে গিয়ে প্রচার

চালানো পরিলক্ষিত হয়েছে । মূখ্যমন্ত্রী তথা বিজেপির প্রবীণ নেতা ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ধুবরী থেকে দ্বিতীয় পর্যায়ের প্রচার অভিযান আরম্ভ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার কৃষক সংস্থাগুলির সঙ্গে আগামী চৌঠা মে অনুষ্ঠেয় প্রস্তাবিত বৈঠকটি স্থগিত রাখার কথা ঘোষণা করেছে । রাজ্যসরকারের প্রতিনিধির অংশগ্রহণ ছাড়া এই বৈঠক ফলপ্রসূ হবেনা বলে মত পোষণ করে সরকার এই সিদ্ধান্ত গ্রহণ করেছে । কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রনালয়ের যুগ্ম সচিব পূর্ণ চন্দ্র কিষাণ কৃষক সংস্থাসমূহকে লেখা এক চিঠিতে বলেন যে অরাজনৈতিক সংযুক্ত কিষাণ মোর্চা এবং কিষাণ মজদুর মোর্চার দাবী অনুযায়ী প্রস্তাবিত বৈঠকে পাঞ্জাব সরকারকে অর্ন্তভুক্ত না করা সমীচিন হবে না । এই প্রেক্ষাপটে সরকার কৃষক সংগঠন দুটিকে তাঁদের দাবী পুনর বিবেচনা করার আহ্বান জানান । সেইসঙ্গে যুগ্ম সচিব জানান যে এই দুটি সংগঠন থেকে সম্মতি লাভ করার পর প্রস্তাবিত বৈঠকটির জন্য পরবর্তী দিন নির্ধারণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল মিজোরামের আইজলের সাইরাং পর্যন্ত প্রথম ট্রায়াল রান সফলভাবে সম্পন্ন করে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে । গতকাল উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার (নির্মাণ ) অরুণ কুমার চৌধুরী ও অন্যান্য শীর্ষ রেল কর্মীদের উপস্থিতিতে এই ট্রায়াল রান সম্পন্ন করা হয় । সাইরাংয়ে সফল পরীক্ষামূলক ট্রেন চালানোর পর শ্রী চৌধুরী মিজোরামের রাজ্যপাল জেনারেল ড: বিজয় কুমার সিং এবং মিজোরামের মূখ্যমন্ত্রী লালাদুহোমাকে ভৈরবী-সাইরাং রেলপথ প্রকল্পের পরিধি ,অগ্রগতি এবং কৌশলগত গুরুত্ব সম্পর্কে অবগত করান । শ্রী চৌধুরী আরো জানান যে জুন মাসের শুরুতে রেলোয়ে সেফটি কমিশনার পরিদর্শন করবেন এবং ১৭ জুনের পরে ভৈরবী-সাইরাং রেলপথের আনুষ্ঠানিক উদ্বোধন হবার সম্ভাবনা রয়েছে । উল্লেখ্য এই প্রকল্প বাস্তবায়নের ফলে মিজোরামের রাজধানী থেকে দেশের অন্যান্য অংশের মধ্যে ভ্রমণের সময় হ্রাস পাওয়া সহ স্থানীয় পর্যটন বৃদ্ধি , ক্ষুদ্র শিল্পের বিকাশ এবং পণ্য পরিবহন ব্যয় হ্রাস পাবে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় রেল দেশের রেল স্টেশনগুলিতে ডিজিটেল ঘড়ি স্থাপন করার জন্য বিশেষ প্রতিযোগীতার আয়োজন করেছে । প্ল্যাটফর্ম ও স্টেশনগুলিতে একই ধরণের ডিজিটেল ঘড়ি স্থাপনের পথ প্রশস্ত করার উদ্দেশ্যে এই প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । এই প্রতিযোগীতা পেশাদারী , কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তথা বিদ্যালয়

শিক্ষার্থীর মধ্যে তিনটি বিভাগে করা হয়েছে । প্রথম স্থান লাভ করা প্রতিযোগীকে ৫ লক্ষ তথা তিনটি শাখার পাঁচজন করে প্রতিযোগীকে ৫০ হাজার করে সান্ত্বনা পুরস্কার প্রদান করা হবে । চলতি মাসের শেষের দিকে প্রতিযোগীরা নিজ নিজ ঘড়ির নমুনা প্রেরণ করতে পারবে ।

-----------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার প্রবীন শিক্ষাবিদ তথা অবসরপ্রাপ্ত শিক্ষিকা  রমা বনা আজ হাফলং-এর নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন ।  বয়স হয়েছিল ৭৯ । রমা বনার মৃত্যুতে হাফলং শহরে শোকের ছায়া নেমে আসে ।

-----------------------------------------------------------------------------------------